

# খোকা ও প্রজাপতি

আরিফ হাসান

একটা ছিল ছোট্ট খোকা সেই খোকাটা রোজ  
ঘাসের বুকে পাতার ফাঁকে করতো কিসের খোঁজ?  
সকাল দুপুর শান্ত বিকেল কিংবা সাঁঝের বেলা  
একটা কিছু খোঁজার ছলে করতো খোকা খেলা।

খেলতে খেলতে এক দুপুরে সেই খোকাটা ঠিক  
তিড়িং বিড়িং লাফিয়ে উঠে হাসলো খানিক ফিক।  
হেসেই খোকা দুই আঙুলে একটা কিছু ধরে  
একটু খানি সামনে এনে দেখলো দু'চোখ ভরে।

তার পরে ঠিক সেই খোকাটা করলো কি ভাই জানো?  
জানতে হলে কান দু'টোকে একটু কাছে আনো।  
দুই আঙুলের ফাঁকে খোকাকার ধরা ছিল যাকে  
আদর করার ছলে খোকা বলল ডেকে তাকে-

‘প্রজাপতি প্রজাপতি রঙিন তোমার ডানা  
রঙিন ডানায় ভর করে তাই নেই যে ওড়ায় মানা।  
তোমার মতো রঙিন ডানার ওই যে আরেক জন  
কী যে দারুণ চেহারা তার উড়ু উড়ু মন।

উড়ে উড়ে এই আসে সে আবার ছোট্টে দূরে  
ডানায় নিয়ে রূপের বাহার বেড়ায় ঘুরে ঘুরে।  
তোমার মতো দেখতে দারুণ নাম বলো কী ওর  
ও কখনো দেখতে পারে রঙিন আলোর ভোর?’

খোকাকার কথায় ডানা নেড়ে বলল প্রজাপতি-  
‘বুঝিনে ভাই আমি তোমার কোনো মতিগতি।  
এই সেদিনও ভর দুপুরে যেই বসেছি ফুলে  
অমনি তুমি আমার পাশে উঠলে খানিক দূলে।

পেছন থেকে লেজটা ধরে যেই মেরেছ টান  
 ব্যাথার চোটে অমনি আমার বন্ধ হলো গান।  
 আজকে আবার সেই তুমি ভাই দুই আঙুলে ধরে  
 এটা ওটা জানতে চেয়ে প্রশ্ন যে যাও করে।

ঠিক আছে ভাই ছোট্ট খোকা, ঠিক আছে ঠিক আছে  
 আমার মতো ওই পোকাটাও আসে ফুলের কাছে।  
 ঘাসের কাছে ফুলের কাছে ওই পোকা যেই আসে  
 তখন দেখো ওদের ডানা রয় যে পাশে পাশে।

আমার ডানা রয় না পাশে উপর দিকে থাকে  
 আমি এবং ওই পোকারা কেউ থাকি না ঝাঁকে।  
 ওই পোকাটার নাম হলো মথ রাতের বেলা ঘোরে  
 কেউ কেউ ঠিক ভর দুপুরেও গাছের পাতায় ওড়ে।

আমিই কেবল দিনের বেলা এদিক ওদিক ঘুরি  
 ঘাসে ঘাসে নাচি এবং পাতায় পাতায় উড়ি।’